



# পপুলেশন সায়েন্সেস বিভাগ

ঢাকা বিশ্ববিদ্যালয়

## ভর্তি বিজ্ঞপ্তি

মাষ্টার অব পপুলেশন সায়েন্সেস (এমপিএস) প্রফেশনাল ডিগ্রী প্রোগ্রাম ২০১৮-২০১৯

২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে ১৮-মাস মেয়াদী মাষ্টার অব পপুলেশন সায়েন্সেস (এমপিএস) প্রফেশনাল ডিগ্রী প্রোগ্রামে ভর্তির জন্য প্রার্থীদের কাছ থেকে নির্ধারিত ফর্মে আবেদনপত্র আহবান করা যাচ্ছে।

**ভর্তির যোগ্যতা:** স্বীকৃত যে কোন বিশ্ববিদ্যালয়/কলেজ থেকে কমপক্ষে স্নাতক অথবা সমমানের ডিগ্রীধারী, অথবা অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠান (যেমন, মেডিকেল, প্রকৌশল, কৃষি বিশ্ববিদ্যালয়/কলেজ, ইত্যাদি) থেকে স্নাতক ডিগ্রীধারী বাংলাদেশী অথবা বিদেশী নাগরিক এমন প্রার্থীরা ভর্তির আবেদন করার যোগ্য বলে বিবেচিত হবেন। জনসংখ্যা, স্বাস্থ্য এবং সংশ্লিষ্ট ক্ষেত্রে যাদের বাস্তব অভিজ্ঞতা রয়েছে এবং যারা বর্তমানে এ ধরনের পেশায় নিয়োজিত রয়েছেন তাদেরকে আবেদন করার জন্য উৎসাহিত করা হচ্ছে। যারা স্নাতক চূড়ান্ত পরীক্ষা বা সমমানের পরীক্ষা সম্পন্ন করেছেন, তারাও আবেদন করতে পারবেন, তবে লিখিত ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হওয়ার ০৩ (তিন) দিনের মধ্যে সনদ বা নম্বরপত্র জমা না দিলে তাদের প্রার্থীতা বাতিল বলে বিবেচিত হবে।

**আবেদনপত্র এবং ভর্তি পরীক্ষার ফি:** নগদ ১,০০০.০০ (এক হাজার) টাকার বিনিময়ে আগামী ২৭ সেপ্টেম্বর ২০১৭ থেকে ০৬ নভেম্বর ২০১৭ পর্যন্ত পপুলেশন সায়েন্সেস বিভাগের অফিস থেকে রবিবার থেকে বৃহস্পতিবার সকাল ৯ টা থেকে সন্ধ্যা ৬ টা, শুক্রবার বিকাল ৩:০০ টা থেকে রাত ৯:০০ টা এবং শনিবার বিকাল ৬:০০ টা থেকে রাত ৯:০০ টার মধ্যে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য আবেদন করার নির্ধারিত ফর্ম এবং অন্যান্য কাগজপত্র সংগ্রহ করতে হবে। বিভাগীয় ওয়েবসাইট থেকেও আবেদন ফর্ম এবং নির্দেশিকা পাওয়া যাবে ([www.dpsdu.edu.bd](http://www.dpsdu.edu.bd))।

**আবেদনপত্র জমাদান:** আবেদনপত্র ত্রয়ের রশিদসহ পূরণকৃত আবেদনপত্র, সত্যায়িত ৩ (তিন) কপি পাসপোর্ট সাইজ ছবি এবং সকল পরীক্ষার নম্বরপত্র ও সনদের সত্যায়িত অনুলিপি ০৬ নভেম্বর ২০১৭-এর মধ্যে পপুলেশন সায়েন্সেস বিভাগের অফিসে জমা দিতে হবে। **ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে আগামী ১০ নভেম্বর ২০১৭ (বিকেল ৩:০০-৪:১৫)।**

**যোগাযোগের ঠিকানা:** পপুলেশন সায়েন্সেস বিভাগ, চতুর্থ তলা, কক্ষ নং ৪০৪৬-ক, কলাভবন, ঢাকা বিশ্ববিদ্যালয়, ফোন নং ৯৬৬১৯০০/ এক্সটেনশন ৬৭১১, ৬৭১০, ৯৬১২২০৯, মোবাইল: ০১৭১২-২২১৮১৯, ০১৭১২-৫২৯২৬৪।

অধ্যাপক ড. মোঃ আমিনুল হক

চেয়ারপার্সন, পপুলেশন সায়েন্সেস বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়